গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
(শাখা-৬)
ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

স্মারক নম্বর ৩১.০২.০০০০.০১৬.০৩.০০২.১৭-১৫০ তারিখঃ ১৩ জুন ২০২৪ খ্রি.

**বিষয়ঃ সরকার কর্তৃক স্থায়ী বন্দোবস্ত দেয়া খাস জমি পরবর্তী জরিপে চূড়ান্তভাবে মুদ্রিত ও প্রকাশিত খতিয়ানে সংশ্লিষ্ট ব্যক্তির নামে রেকর্ড না হয়ে সরকারের নামে পুনরায় রেকর্ড হওয়ার ক্ষেত্রে করণীয়।**

সূত্র: ১। ভূমি মন্ত্রণালয়ের আইন অধিশাখা-১ এর ২৯ জুলাই ২০২১ তারিখের ৩১.০০.০০০০.০৪২.৬৭.০৩১.১১ (অংশ-১)-৩৪৩ সংখ্যক স্মারকে জারীকৃত পরিপত্র।
২। ভূমি মন্ত্রণালয়ের আইন অধিশাখা-১ এর ২৩ সেপ্টেম্বর ২০১৫ তারিখের ৩১.০০.০০০০.০৪২.৬৭.০৩১.১১-৮৪১ সংখ্যক স্মারকে জারীকৃত পরিপত্র।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সালের ২৮ নং আইন) এর ধারা ১৪৪ এর বিধান মোতাবেক ভূমি মন্ত্রণালয়াধীন দায়িত্ব প্রাপ্ত ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক দেশের বিভিন্ন জেলায় জরিপ কার্যক্রমের মাধ্যমে ভূমি রেকর্ড প্রণয়ন করা হয়। সর্বশেষ জরিপের স্বত্বলিপি (Record of Rights) বা খতিয়ান চূড়ান্ত মুদ্রিত ও প্রকাশিত হওয়ার পর খতিয়ানের কতিপয় ভুল সংশোধনে সহকারী কমিশনার (ভূমি)গণ উক্ত আইনের ধারা ১৪৩ মোতাবেক ক্ষমতাবান। এছাড়া **১ নং সুত্রোক্ত স্মারকে জারীকৃত পরিপত্রের অনুচ্ছেদ ৬ (চ) মোতাবেক সরকার কর্তৃক স্থায়ী বন্দোবস্ত দেয়া খাস জমি পরবর্তী জরিপে চূড়ান্তভাবে মুদ্রিত ও প্রকাশিত খতিয়ানে সংশ্লিষ্ট ব্যক্তির নামে রেকর্ড না হয়ে সরকারের নামে রেকর্ড হওয়া একটি যথার্থ ভুল (Bona fide mistake)** যা রাজস্ব কর্মকর্তা (সহকারী কমিশনার (ভূমি)) কর্তৃক সংশোধনযোগ্য।

**০২।** সংশোধনের বিষয়ে রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ধারা ১৪৯ (৪) নিম্নরূপ;

**"সরকার সরল বিশ্বাসে কৃত ভুল রহিয়াছে মর্মে সন্তুষ্ট হইলে যে কোন সময় এই ভাগের অধীন সংরক্ষিত খতিয়ানের যেকোন ভুক্তি অথবা এই ভাগের অধীন প্রস্তুতকৃত এবং চূড়ান্তভাবে প্রকাশিত সেটেলমেন্ট খাজনা-বিবরনীতে পুনঃআদেশ প্রদান করিতে পারিবে"**

এবং প্রজাস্বত্ব বিধিমালা ১৯৫৫ এর বিধি ২৩ এর 1 (e) নিম্নরুপ:

**"The Revenue officer shall, if he is vested with necessary powers in this behalf under the Act, incorporate, and if he is not vested with such powers, send up proposals to the officer vested with such powers for incorporating necessary changes in the record-of-rights.**
**(e) When new settlement of lands are made."**

**০৩।** আইন, বিধি ও পরিপত্রমূলে ক্ষমতাপ্রাপ্ত হওয়া সত্ত্বেও কিছু কিছু ক্ষেত্রে এ বিষয়ে খতিয়ানে ভুল সংশোধনের বিষয়ে সহকারী কমিশনার (ভূমি)গণ প্রার্থীত সেবা প্রদান করছেন না কিংবা আদালতের শরনাপন্ন হওয়ার পরামর্শ দিয়ে সংশোধনের কাজটি করছেন না মর্মে পরিলক্ষিত হচ্ছে, যা কাম্য নয়। খতিয়ানের **যথার্থ ভুল** (Bona Fide Mistake) সংশোধনের বিষয়ে বিদ্যমান আইন, বিধি, পরিপত্র অনুসরণ করে কার্যাবলী সম্পাদন করা একান্ত প্রয়োজন।

**০৪।** সংশোধনের কাজটি সম্পাদনের ক্ষেত্রে নিম্নরুপ বিষয়গুলো অনুসরনীয় —

ক) সহকারী কমিশনার (ভূমি) স্বপ্রণোদিত হয়ে বা বন্দোবস্ত প্রাপ্ত ব্যক্তি কিংবা তার কোন বৈধ উত্তরাধিকারীর আবেদনের প্রেক্ষিতে বিবিধ মামলা রজু করে সংশোধনের প্রক্রিয়া শুরু করবেন।

খ) সংশোধনের ক্ষেত্রে আবেদনকারী অথবা সংশ্লিষ্ট ব্যক্তির জরিপ পূর্ববর্তী খাস জমি বন্দোবস্ত প্রাপ্তির কবুলিয়ত, দলিল, প্রযোজ্য ক্ষেত্রে নামজারি খতিয়ান ও দাখিলা যাচাই করতে হবে।

গ) বন্দোবস্তের ক্ষেত্রে ভূমি অফিসে সংরক্ষিত ৮ ও ১২ নম্বর রেজিস্টার যাচাই করতে হবে।

ঘ) জরিপ পূর্ববর্তী দাগ ও জরিপ পরবর্তী দাগ যাচাই করে নিতে হবে। একই ভাবে উভয় জরিপের মৌজা ম্যাপে দাগের অবস্থান যাচাই করে নিতে হবে।

ঙ) বিধি মোতাবেক সংশোধন ফি আদায় করতে হবে।

এমতাবস্থায়, সরকার কর্তৃক বন্দোবস্ত গ্রহীতার অনুকূলে বন্দোবস্তকৃত জমি নতুন জরিপে পুনরায় সরকারের নামে রেকর্ড হলে তা উপরে বর্ণিত আইন, বিধি, পরিপত্র এবং বিষয়সমূহ অনুসরণ করে বন্দোবস্ত গ্রহীতার নামে রেকর্ড সংশোধনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩/০৬/২০২৪

(বিজন কুমার সিংহ)
সহকারী ভূমি সংস্কার কমিশনার
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৮১৭০১৫৭
ইমেইলঃ alrc6@lrb.gov.bd

জেলা প্রশাসক (সকল)
..........................

স্মারক নম্বর ৩১.০২.০০০০.০১৬.০৩.০০২.১৭-১৫০

তারিখঃ ১৩ জুন ২০২৪ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, ঢাকা
৩. মহাপরিচালক (গ্রেড-১), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা
৪. সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
৫. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/বরিশাল/খুলনা/রংপুর/ময়মনসিংহ
৬. পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা
৭. উপ-ভূমি সংস্কার কমিশনার, ১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
৮. উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/বরিশাল/খুলনা/রংপুর/ময়মনসিংহ
৯. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১১. সহকারী কমিশনার (ভূমি) (সকল)
১২. সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১৩/০৬/২০২৪

(বিজন কুমার সিংহ)
সহকারী ভূমি সংস্কার কমিশনার
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৮১৭০১৫৭
ইমেইলঃ alrc6@lrb.gov.bd